গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স, শেরে বাংলানগর
ঢাকা-১২০৭

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মিলিটারী ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস) - এ নিম্নবর্ণিত বেসামরিক শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী পুরুষ ও মহিলা নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ক। | সহকারী নির্বাহী প্রকৌশলী বি/আর<br>Assistant Executive Engineer (B/R)<br>বেতন স্কেলঃ(২০১৫)<br>22000-53060/- (৯ম গ্রেড) | ০৪ (চার) টি | সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল) পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। |
| খ। | সহকারী নির্বাহী প্রকৌশলী ই/এম<br>Assistant Executive Engineer (E/M)<br>বেতন স্কেলঃ(২০১৫)<br>22000-53060/- (৯ম গ্রেড) | ০১ (এক) টি | সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/পাওয়ার) পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। |
| গ। | সহকারী প্রকৌশলী বি/আর<br>Assistant Engineer (B/R)<br>বেতন স্কেলঃ(২০১৫)<br>22000-53060/- (৯ম গ্রেড) | ০৯ (নয়) টি | সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল) পাশ। |
| ঘ। | সহকারী প্রকৌশলী ই/এম<br>Assistant Engineer (E/M)<br>বেতন স্কেলঃ(২০১৫)<br>22000-53060/- (৯ম গ্রেড) | ০৪ (চার) টি | সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/পাওয়ার) পাশ। |
| ঙ। | সহকারী প্রকৌশলী (আর্কিটেক্ট)<br>Assistant Engineer (Architect)<br>বেতন স্কেলঃ(২০১৫)<br>22000-53060/- (৯ম গ্রেড) | ০১ (এক) টি | ১। সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয়/কলেজ হতে আর্কিটেকচারে স্নাতক ডিগ্রীধারী।<br>২। শিক্ষা জীবনে কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহনযোগ্য হবেনা।<br>৩। অটোক্যাড চালনাসহ 3D অংকনে এবং এনিমেশন প্রেজেন্টেশন এর অভিজ্ঞতা সম্পন্ন। |
| চ। | উপ-সহকারী প্রকৌশলী বি/আর<br>Sub-Assistant Engineer (B/R)<br>বেতন স্কেল (২০১৫)<br>16000- 38640/- (১০ম গ্রেড) | ৫০ (পঞ্চাশ) টি | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন সরকার কর্তৃক স্বীকৃত পলিটেকনিক্যাল ইনষ্টিটিউট হতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (সিভিল)। |
| ছ। | উপ-সহকারী প্রকৌশলী ই/এম<br>Sub-Assistant Engineer (E/M)<br>বেতন স্কেল (২০১৫)<br>16000- 38640/- (১০ম গ্রেড) | ২২ (বাইশ) টি | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন সরকার কর্তৃক স্বীকৃত পলিটেকনিক্যাল ইনষ্টিটিউট হতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল এবং মেকানিক্যাল)। |

**আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ**

১। একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।

২। আবেদনকারীর বয়স ২০ জুন ২০১৬ তারিখে নিম্নরূপ হবেঃ

ক) সহকারী নির্বাহী প্রকৌশলী (বি/আর ও ই/এম) পদে প্রার্থীর বয়সসীমা ২৫ থেকে ৪০ বছরের মধ্যে হবে;
খ) সহকারী প্রকৌশলী (বি/আর, ই/এম ও আর্ক) পদে প্রার্থীর বয়সসীমা ২০ থেকে ৩০ বছরের মধ্যে হবে;
গ) উপ-সহকারী প্রকৌশলী (বি/আর ও ই/এম) পদে প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হবে;
ঘ) অনুচ্ছেদ ২(খ) এবং ২(গ) এর ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়সসীমা ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হবে এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যার জন্য বয়সসীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হবে;
ঙ) বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহনযোগ্য নয়।

৩। সরকারী চাকুরিতে কর্মরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি জমা দিতে হবে।

৪। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

৫। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৬। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৭। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলীঃ

ক। এই বিজ্ঞপ্তির অধীনে আগ্রহী প্রার্থীগণকে online-এ আবেদন করতে হবে। সে লক্ষ্যে http://mes.teletalk.com.bd/ ওয়েব সাইটে লগ-ইন করলে একটি লিংক পাওয়া যাবে। ঐ লিংকে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা মোতাবেক online-এ আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদন ও ফি জমাদানের সময়সীমা নিম্নরূপঃ

(১) Online -এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখঃ ০১ জুন ২০১৬;

(২) Online -এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখঃ ২০ জুন ২০১৬;

(৩) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit -এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ। Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) pixel, File size maximum 60 kb ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) pixel, File size maximum 100 kb এ স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন;

গ। যেহেতু online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃ পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

ঘ। প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন;

ঙ। SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মত ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদপত্র Submit কারী প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। সকল পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা জমা করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, " **online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না;"**

প্রথম SMS: mes<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে;

দ্বিতীয় SMS: mes<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এর Passward পাবেন। এই Passward টি Admit Card (প্রবেশ পত্র) Download-এর জন্য প্রার্থী সংরক্ষণ করবে;

চ। প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://mes.teletalk.com.bd/ ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়;

ছ। SMS -এ প্রেরিত User ID এবং Passward ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়, ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশ পত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করার মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। Admit card (প্রবেশ পত্র) Download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে;

জ। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেনঃ

(১) User ID জানা থাকলে mes<space>Help<space>User<space>User ID & Send to 16222. (Example: mes Help User ABCDEF & Send to 16222);

(২) PIN Number জানা থাকলে mes<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222. (Example: mes Help PIN 12345678 & Send to 16222);

ঝ। মিলিটারী ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস) এর কার্যালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয় এর নিয়োগ বিজ্ঞপ্তি, online -এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি http://mes.teletalk.com.bd/ এ পাওয়া যাবে।

৮। প্রার্থীর যোগ্যতা যাচাইঃ

ক। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নেবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবেঃ

(১) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;

(২) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশন-এর ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নগরিকত্বের সনদপত্র;

(৩) প্রার্থীর পিতা/মাতা মুক্তিযোদ্ধা হলে এর প্রমাণস্বরূপ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র/সাময়িক সনদপত্র;

(৪) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে তার পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে)-এর মুক্তিযোদ্ধা সনদপত্র (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে);

(৫) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশন-এর ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(৬) উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/স্থানীয় সরকার কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক সনদপত্র;

(৭) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(৮) দুইজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক আলাদা-আলাদাভাবে প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(৯) online -এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy);

(১০) প্রার্থী মুক্তিযোদ্ধা কোটায় আবেদন করলে নিম্নোক্ত ছক আলাদা কাগজে পূরণ করে স্বাক্ষর করতঃ উক্ত কাগজ এবং ছকে বর্ণিত তথ্যের সপক্ষে প্রমাণকঃ

| ক্রমিক | মুক্তিযোদ্ধার নাম | পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয় পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ | মুক্তিবার্তা নম্বর | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি নাতনীর দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা মাতার জাতীয় পরিচয়পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদ | ভারতীয় তালিকায় যদি থাকে নম্বর ও কপি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) |

খ। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৯। বিবিধঃ

ক। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.mod.gov.bd এবং www.mes.org.bd ওয়েব সাইটে পাওয়া যাবে;

খ। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

পূর্ত পরিচালক
পূর্ত পরিদপ্তর
সেনাসদর
ই ইন সি'র শাখা
ঢাকা সেনানিবাস